

**AKASHVANI(AIR)**  
**RNU:KOLKATA**  
**BengaliText Bulletin**

**Date 27-01-2026**

**Time: 1.40 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) দক্ষিণ ২৪ পরগণার নাজিরাবাদে গুদামে বিধ্বংসী অগ্নিকান্ডের ঘটনায় সরকারের বিরুদ্ধে গরিমসির অভিযোগ তুলে বিরোধীদের বিক্ষোভকে কেন্দ্র করে শুরু হয়েছে রাজনৈতিক চাপান উত্তোর।
- ২) বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নরীন এরাজ্যে দু-দিনের দলীয় কর্মসূচির অঙ্গ হিসাবে আজ দুর্গাপুরে আসছেন।
- ৩) রাজ্য বিধানসভার পরবর্তী অধিবেশন আরও পিছিয়ে গেছে।
- ৪) সপ্তাহে পাঁচ দিন কাজ এবং শনি ও রবিবার পূর্ণ দিবস ছুটির দাবিতে আজ দেশ ব্যাপি ব্যাঙ্ক ধর্মঘট চলছে।
- ৫) পহেলগাঁও জঙ্গী হানার পরবর্তী সেনা অভিযানে নিহত সেনা জওয়ান নদীয়ার ঝন্টু আলি শেখ এবার সাধারণতন্ত্র দিবসে সেনা চক্রে সম্মানিত হয়েছেন।

---

দক্ষিণ ২৪ পরগণার নাজিরাবাদে গুদামে বিধ্বংসী অগ্নিকান্ডের ঘটনায় সরকারের বিরুদ্ধে গরিমসির অভিযোগ তুলে বিরোধীদের বিক্ষোভকে কেন্দ্র করে শুরু হয়েছে রাজনৈতিক চাপান উত্তোর। প্রায় ৩২ ঘন্টা পর আজ ঘটনাস্থলে যান দমকল মন্ত্রী সুজিত বসু। রয়েছেন দমকল বিভাগের ডিজি রণবীর কুমারও। গতকাল দিনভর

দমকেলর ১২ টি ইঞ্জিন আগুন নেভানোর চেষ্টা করলেও এখনও তা সম্পূর্ণ আয়ত্তে আনা সম্ভব হয়নি। একটি প্রতিবেদন –

### ভয়েসকাস্ট

---

বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নরীন দলীয় কর্মসূচিতে অংশ নিতে আজ দু-দিনের সফরে এ রাজ্যে আসছেন। বিকেলে তিনি পশ্চিম বর্ধমানের অভাল বিমানবন্দরে এসে পৌঁছাবেন। সেখান থেকে দুর্গাপুরে চিত্রালয় মেলা ময়দানে কমল মেলা উদ্বোধন করবেন তিনি। এরপর দুর্গাপুরে একটি বেসরকারি হোটেলে সাংগঠনিক বৈঠক করবেন। আগামীকাল শ্রী নরীন দুর্গাপুর ভিরিঙ্গি কালীমন্দিরে পূজা দেবেন এবং চিত্রালয় মেলা ময়দানে কার্যকর্তা সম্মেলনে অংশ নেবেন। রানীগঞ্জের অপর একটি সাংগঠনিক বৈঠকে যোগ দেওয়ার কর্মসূচী রয়েছে তাঁর।

এদিকে, বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষ বলেছেন, সভাপতি হয়েই নীতিন নরীন প্রথমে বাংলা সফর করছেন। এথেকেই বোঝা যায়, বিজেপি পশ্চিমবঙ্গে রাজনৈতিক পরিবর্তনের জন্য কতটা আগ্রহী। আজ সকালে পূর্ব বর্ধমানের কাটোয়ার স্টেশন রোডে প্রাতঃভ্রমণে বেরিয়ে তিনি সংবাদমাধ্যমের সঙ্গে কথা বলছিলেন। সারা রাজ্যে এসআইআর রুখতে তৃণমূল কংগ্রেস হিংসার আশ্রয় নিয়েছে বলে অভিযোগ তুলে শ্রী ঘোষ বলেন, নির্বাচন কমিশনের কর্মসূচীতে যতই বিরোধিতা তা কেউ আটকাতে পারবেনা। এপ্রসঙ্গে সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদবের মন্তব্যকে কটাক্ষ করেন তিনি।

উল্লেখ্য, কলকাতায় এসে সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদব এসআইআর প্রক্রিয়া নিয়ে নির্বাচন কমিশনকে তীব্র ভাষায় আক্রমণ করেন। এব্যাপারে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বার্তাও দেন তিনি।

---

গণতান্ত্রিক প্রক্রিয়ায় হিংসাকে বরদাস্ত করা উচিত নয় বলে মন্তব্য করেছেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। এস আই আর প্রক্রিয়ায় বিভিন্ন জায়গায় অশান্তি নিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে রাজ্যপাল বলেন, যেভাবেই হোক হিংসাকে দমন করতে হবে।

বাইট রাজ্যপাল

---

শিল্প, সাহিত্য ও শিক্ষায় অসামান্য অবদানের জন্য এবছর পদ্মশ্রী সম্মান পেয়েছেন পূর্ব বর্ধমানের কালনার সাহিত্যিক রবি লাল টুডু। ছাত্র জীবন থেকেই সাঁওতালি ভাষায় সাহিত্য চর্চা ও গবেষণা করছেন তিনি। পদ্মশ্রী সম্মান পাওয়ার পর ৭৭ বছর বয়সী এই সাহিত্যিক উচ্ছ্বাস প্রকাশ করে জানিয়েছেন, শেষ জীবনে রাষ্ট্রপতির হাত থেকে এই পুরস্কার পাওয়া তাঁর কাছে আশাতীত প্রাপ্তি।

বাইট টুডু

---

রাজ্যের সপ্তদশ বিধানসভার শেষ অধিবেশন আরও পিছল। ৩১ জানুয়ারির পরিবর্তে ৩ ফেব্রুয়ারি থেকে অধিবেশন শুরু হতে পারে বলে বিধানসভা সূত্রে জানা গেছে। অধিবেশন চলবে ৯ ফেব্রুয়ারি পর্যন্ত। এই অধিবেশনে বিধানসভা ভোটের আগে

তিন মাসের জন্য রাজ্যের অন্তর্বর্তীকালীন বাজেট বা বায়ুমণ্ডলীর প্রস্তাব পেশ করা হবে।  
৫ ফেব্রুয়ারি রাজ্য বাজেট পেশ হতে পারে বলেনা জানা গেছে।

---

ব্যাঙ্কিং ক্ষেত্রে সপ্তাহে পাঁচদিন কাজ ও শনি-রবিবার পূর্ণ দিবস ছুটির দাবিতে ইউনাইটেড ফোরাম অফ ব্যাঙ্ক ইউনিয়ন্স আজ দেশব্যাপীর ব্যাঙ্ক ধর্মঘট পালন করছে। কাজের চাপ এবং বর্তমান পরিস্থিতি বিবেচনা করে শনি ও রবি – দুদিনের ছুটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে তাদের দাবি। বিষয়টি গত ২ বছর ধরে বিবেচনাধীন থাকলেও তা কার্যকর না হওয়ায় আজ ধর্মঘট শুরু করেছেন সংগঠনের সদস্যরা। ইতিমধ্যেই বিভিন্ন ব্যাঙ্কের দফতরের সামনে শুরু হয়েছে অবস্থান বিক্ষোভ।

এদিকে, টানা চারদিন ছুটির পর আজও ব্যাঙ্ক বন্ধ থাকায় দেশব্যাপী আর্থিক পরিষেবা বিঘ্নিত হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে।

---

জম্মু কাশ্মীরের পহেলগাঁওয়ে নৃশংস জঙ্গী আক্রমণে ২৬ জনের হত্যার পরই গত বছর ২৪ শে এপ্রিল উধমপুরে সেনা-জঙ্গী সংঘর্ষে নিহত হন ভারতীয় সেনা জওয়ান নদীয়ার ঝন্টু আলি শেখ। এবার তাঁকেই সেনা চক্রে সম্মানিত করল কেন্দ্রীয় সরকার। মরণোত্তর সেনা মেডেলে ভূষিত করা হয়েছে তাঁকে। দেশের নিরাপত্তায় ঝন্টুর সর্বোচ্চ আত্মত্যাগকে স্বীকৃতি জানাতেই কেন্দ্রের এই সিদ্ধান্ত।

---

রাজ্য জুড়ে সৌরবিদ্যুৎ প্রকল্পের প্রসারে গতি আনতে নতুন ডিজিটাল ব্যবস্থা চালুর পরিকল্পনা করছে রাজ্য সরকার। নবান্ন সূত্রে জানা গিয়েছে, পশ্চিমবঙ্গ অচিরাচরিত শক্তি

উন্নয়ন সংস্থার মাধ্যমে এই প্রকল্প বাস্তবায়িত হবে। দীর্ঘসূত্রতা কমিয়ে সৌরবিদ্যুৎ সংক্রান্ত প্রস্তাবগুলির উপর দ্রুত সিদ্ধান্ত গ্রহণের পথ খুলে দেওয়া এর মূল উদ্দেশ্য। এই ব্যবস্থা ছাদের উপর সৌর প্যানেল বসানো এবং মাটিতে বৃহৎ সৌর প্রকল্প—উভয় ধরনের পরিকল্পনায় ব্যবহৃত হবে। ডিজিটাল প্ল্যাটফর্ম থেকে প্রাথমিক প্রকল্প রিপোর্ট তৈরি করা যাবে, যা পরবর্তী অনুমোদন ও বাস্তবায়নের কাজে ব্যবহার করা হবে। পাশাপাশি কেন্দ্রীয় ভাবে বিভিন্ন অঞ্চলের সৌর প্রকল্পের প্রস্তাবগুলি পর্যবেক্ষণ করা যাবে, ফলে সমন্বয় বাড়বে এবং একই কাজ বারবার করার প্রবণতা কমবে।

---

রাজ্য সরকার পিপিপি মডেলে জেলায় জেলায় প্রস্তাবিত শপিং মল গড়ে তুলতে কাজ শুরু করেছে। নবান্ন সূত্রে জানা গিয়েছে, ইতিমধ্যেই দশটি প্রকল্প সম্পূর্ণভাবে চূড়ান্ত হয়েছে। এর মধ্যে তিনটি প্রকল্প এখন দরপত্রের পর্যায়ে রয়েছে, আর বাকি সাতটির ক্ষেত্রে ভিত্তিপ্রস্তর স্থাপন হয়ে গিয়েছে। যেসব জায়গায় ইতিমধ্যেই সমস্ত ছাড়পত্র মিলেছে, তার মধ্যে রয়েছে পশ্চিম মেদিনীপুর, শিলিগুড়ি, জলপাইগুড়ি, রায়গঞ্জ, মালদহ, বহরমপুর, বাঁকুড়ার বিষ্ণুপুর, হাওড়ার উলুবেড়িয়া, দিঘা এবং দক্ষিণ চব্বিশ পরগনার বিষ্ণুপুর। বাকি তেরোটি জেলায় জমি চিহ্নিত করার কাজ শেষ হয়েছে। তবে চারটি জেলায় প্রাথমিকভাবে চিহ্নিত জমি পরিবর্তনের নির্দেশ দিয়েছে জেলা প্রশাসন। প্রয়োজনীয় পরিদর্শন ও আনুষঙ্গিক প্রক্রিয়া শেষ হওয়ার পর চূড়ান্ত কাজ শুরু হবে বলে জানিয়েছে নবান্ন।

পরিকল্পনা অনুযায়ী, প্রতিটি জেলা সদর এলাকায় রাজ্য সরকার এক একর জমি বিনামূল্যে দিচ্ছে। সেই জমিতে বেসরকারি সংস্থা শপিং মল তৈরি করবে। এই বিপণি কমপ্লেক্সগুলিতে সিনেমা হল, রেস্টোরাঁ, আন্ডারগ্রাউন্ড পার্কিং এবং কমিউনিটি হলের

মতো আধুনিক নাগরিক সুবিধা থাকবে। তবে প্রতিটি মলের অন্তত দু'টি তলা সম্পূর্ণভাবে স্বনির্ভর গোষ্ঠীর পণ্য বিপণনের জন্য সংরক্ষিত রাখতে হবে বলে শর্ত দেওয়া হয়েছে।

---

কৃষকদের আয় বৃদ্ধি ও বিকল্প কৃষি কাজে উৎসাহ দিতে রাজ্যের খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যানপালন দফতর পাহাড়ি এলাকায় বিশেষ ওষধি গুণ সম্পন্ন শিটাকে মাশরুম চাষ সম্প্রসারণে জোর দিচ্ছে। নবান্ন সূত্রে জানা গিয়েছে, কালিম্পং ১ নম্বর ব্লকে ২১ জন উপভোক্তাকে চিহ্নিত করা হয়েছে। তাঁদের হাতে-কলমে প্রশিক্ষণ এবং প্রয়োজনীয় প্রযুক্তিগত সহায়তা দিয়ে এই বিশেষ মাশরুম চাষ শুরু করানো হচ্ছে। দফতর সূত্রে জানানো হয়েছে, প্রচার ও বাস্তবায়ন পর্ব সম্পূর্ণ হওয়ার পর উপভোক্তাদের এককালীন ৫০ শতাংশ ভর্তুকি দেওয়া হবে। চলতি বছরের মাঝামাঝি থেকেই উৎপাদন শুরু হওয়ার আশা করা হচ্ছে। বাজারে শিটাকে মাশরুমের দাম বর্তমানে কেজি প্রতি প্রায় এক হাজার টাকা পর্যন্ত ওঠে। ফলে এই চাষ কৃষকদের জন্য লাভজনক বিকল্প আয়ের পথ খুলতে পারে বলে মনে করা হচ্ছে।

---

৬৯ তম অনূর্ধ্ব ১৯ জাতীয় স্কুল যোগাসন প্রতিযোগিতায় ৬ টি সোনা সহ মোট ৮ টি পদক জয় করে পদকতালিকায় প্রথম স্থান অধিকার করলো বাংলা। ৬ টি পদক নিয়ে মহারাষ্ট্র দ্বিতীয় ও ৩ টি পদক নিয়ে দিল্লি তৃতীয় স্থানে শেষ করেছে।

---